# রাজধানীর ঝুঁকিপূর্ণ ভবন নিয়ে রাজউকের দায় স্বীকার




সংগৃহীত ছবি

রাজধানীতে বিপুল সংখ্যক ভবন বর্তমানে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে, এবং এই পরিস্থিতির জন্য রাজউকেরও দায়িত্ব আছে বলে মন্তব্য করেছেন সংস্থার চেয়ারম্যান রিয়াজুল ইসলাম। শুক্রবার (৫ ডিসেম্বর) এফডিসিতে ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত ছায়া সংসদে অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন।

তিনি জানান, রাজউক সঠিক নকশার অনুমোদন দিলেও অনেক মালিক সেই নকশা অনুসরণ না করে ইচ্ছেমতো নির্মাণ করেন। পর্যাপ্ত জনবল না থাকা ও দুর্নীতির কারণে এসব অনিয়ম ঠেকানো কঠিন হয়ে পড়ে। রিয়াজুল ইসলাম বলেন, সঠিক পরিকল্পনা বাস্তবায়ন করা গেলে ভূমিকম্পে রাজধানীর ঝুঁকি অনেকটাই কমানো সম্ভব।

তিনি আরও জানান, নকশা অনুমোদনের সময় মালিকরা রাস্তা ছাড়ার অঙ্গীকার করলেও পরে তা মানা হয় না। তাই ভবিষ্যতে রাস্তার জায়গা দলিল করে দায়বদ্ধ করার নিয়ম প্রণয়ন করা জরুরি।

LENS ASIA

ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, অনেক হাউজিং কোম্পানি নিয়ম-নীতির তোয়াক্কা না করে নির্মাণ করছে। রাজউক ড্রোন জরিপের ঘোষণা দেওয়ার পর কিছু প্রতিষ্ঠান দ্রুত ভবন নির্মাণে ঝুঁকে পড়েছে—তাদের ধারণা, গড়ে ফেলতে পারলেই আর ভাঙা হবে না।

ছায়া সংসদে সেন্ট জোসেফ ও শহীদ আনোয়ার গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা অংশ নেয়। আলোচনায় উঠে আসে রাজধানীর ভবন নির্মাণে দুর্নীতি, নকশা লঙ্ঘন, সরকারি সংস্থার দুর্বলতা এবং এসব কারণে তৈরি হওয়া লাখো ঝুঁকিপূর্ণ ভবনের ভয়াবহতা।